# কৃষি মন্ত্রণালয়ে ২০-৫-১৯৯৭ ইং তারিখে অনুষ্ঠিত সীড প্রমোশন কমিটির ৫ম সভার কার্যবিবরণী

২০-৫-৯৭ ইং তারিখে অতিরিক্ত সচিব (উপকরণ), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়-এর সভাপতিত্বে সীড প্রমোশন কমিটির ৫ম সভা কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) পরিশিষ্ট-"খ" তে দেয়া হলো।

সভার প্রারম্ভে অতিরিক্ত সচিব (উপরকণ) ও সভাপতি, সীড প্রমোশন কমিটি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানান ও সীড প্রমোশন কমিটি গঠনের পটভূমি ও উদ্দেশ্য সংক্ষেপে জানানোর জন্য মহা-ব্যবস্থাপক (বীজ), বিএডিসি'কে অনুরোধ করেন। মহা-ব্যবস্থাপক (বীজ), বিএডিসি জানান যে, গবেষণা প্রতিষ্ঠান থেকে কোন জাতের বীজ উদ্ভাবনের পর তিন ধাপে বৃদ্ধি পেয়ে কৃষকদের নিকট পৌঁছায়। নতুন উদ্ভাবিত ভাল জাতসমূহের প্রসার বিষয়ক কর্মসূচী তৈরিকরণ ও ভাল বীজের প্রসারের সমস্যাসমূহ চিহ্নিতকরণ ও সমাধানের লাগসই ব্যবস্থা গ্রহণ সীড প্রমোশন কমিটির প্রধান উদ্দেশ্য। তিনি এ কমিটির তালিকাও সভাপতি মহোদয়কে অবহিত করেন। তিনি সভাপতি মহোদয়কে আরও জানান যে, কোন নতুন জাত অবমুক্ত হওয়ার পর কৃষক পর্যায়ে বৃহত্তর আকারে বীজ বিতরণ শুরু হতে ৩/৪ বছর সময়ের প্রয়োজন হয়। মহা-পরিচালক, বীজ উইং, কৃষি মন্ত্রণালয় সভাপতি মহোদয়েকে জাতীয় বীজ বোর্ড ও বীজ বোর্ডের জাতীয় কারিগরি কমিটির গঠন ও কার্যপ্রণালী সম্বন্ধেও অবহিত করেন। এ পর্যায়ে সভাপতি মহোদয় আলোচ্যসূচী অনুযায়ী কার্যপত্র উপস্থাপনের জন্য মহা-ব্যবস্থাপক (বীজ), বিএডিসি'কে অনুরোধ করেন।

আলোচ্যসূচী ঃ ১৯৯৭-৯৮ উৎপাদন মৌসুমের জন্য আমন বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা চুড়ান্তকরণ।

আলোচনা ঃ

মহা-ব্যবস্থাপক (বীজ), বিএডিসি বলেন যে, সীড প্রমোশন কমিটির সিদ্ধান্ত অনুযায়ী আমন বীজের উৎপাদন লক্ষ্যমাত্রার প্রাকনির্ধারণী সভা বিগত ৪-৫-৯৭ ইং তারিখে বিএডিসি'তে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, বীজ প্রত্যয়ন এজেন্সি, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরসহ অন্যান্য প্রতিষ্ঠানের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। উক্ত সভায় ১৯৯৫-৯৬ ও ১৯৯৬-৯৭ সালের আমন বীজ বিক্রয় এবং ১৯৯৭-৯৮ মৌসুমে বিতরণের জন্য প্রাপ্তব্য আমন বীজের পরিমাণ ও সাথে সাথে ১৯৯৮-৯৯ সালের বিতরণ মৌসুমে আমন বীজ বিতরণের টাস্ক ফোর্সের লক্ষ্যমাত্রা ও উক্ত মৌসুমের জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের চাহিদা ইত্যাদি বিবেচনা করে ১৯৯৭-৯৮ মৌসুমে ৭,৫০০ টন প্রত্যায়িত বীজ ও ১৬০.৪ টন ভিত্তি বীজ উৎপাদনের লক্ষ্যমাত্রা সুপারিশ করা হয়েছে। তিনি আরও বলেন যে, বিএডিসি'র চাহিদা অনুযায়ী ১৯৯৭-৯৮ ও ১৯৯৮-৯৯ সালের ৯টি জাতের ২৮০ কেজি করে ব্রিডার বীজ সংগ্রহের কর্মসূচী প্রস্তাব করা হয়েছে।

এ পর্যায়ে ধান গবেষণা প্রতিষ্ঠানের প্রতিনিধি বলেন যে, ২০০২ সালে নাগাদ ২.৫ কোটি টন খাদ্যশস্য উৎপাদনের রিপোর্ট অনুযায়ী বিআর-২২ ও বিআর-২৩ জাতের উপর জোর দেয়া হয়েছে। কিন্ত বিএডিসি'র উৎপাদন কর্মসূচীতে উক্ত জাত দু'টি নেই। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের প্রতিনিধি বলেন যে, তাদের চাহিদা অনুযায়ী ১৯৯৮-৯৯ সালে উক্ত জাত দু'টির প্রায় ১,০০০ টন বীজের চাহিদা রয়েছে। মহা-ব্যবস্থাপক (বীজ), বিএডিসি বলেন যে, ইতিপূর্বে উক্ত ২টি জাত বীজ উৎপাদন কর্মসূচীর অন্তর্ভুক্ত ছিল। কিন্ত দীর্ঘ জীবনকালের জন্য কৃষক পর্যায়ে উক্ত জাতগুলোর চাহিদা না থাকায় ইতিপূর্বেই ঐ জাত দু'টি বীজ উৎপাদন নির্ধারণী সভায় আলোচনার মাধ্যমে বীজ উৎপাদন কর্মসূচী থেকে বাদ দেয়া হয়েছে। এ বছর এ দু'টি জাত "বীজ বিনিময় কর্মসূচীর" অধীনে প্রদর্শনীতে চাষাবাদ করে ভাল ফলাফল পাওয়া গেলে ভবিষ্যতে এর যে কোন একটি জাত বীজ উৎপাদন কর্মসূচীতে অন্তর্ভুক্ত করা হবে বলে ৪-৫-৯৭ ইং তারিখের সভায় সুপারিশ করা হয়েছে। এ পর্যায়ে পরিচালক (গবেষণা), বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট বলেন যে, সরকারী প্রতিষ্টান হিসেবে বিএডিসি'র নতুন কিন্তু অপ্রচলিত জাতের বীজ উৎপাদন করা প্রয়োজন যাতে সমস্ত জাতের বীজই কৃষক পর্যায়ে প্রাপ্তব্য হয়। বীজনীতি অনুযায়ী বিএডিসি'র বীজ বিক্রয় মুল্য উৎপাদন মূল্যের কাছাকাছি থাকার বিষয়টি ও উৎপাদিত বীজ অবিক্রীত থাকলে বিএডিসি'র আর্থিক ক্ষতির বিষয়টিও সভায় আলোচিত হয়। সভায় নতুন জাতের বীজ প্রসারের স্বার্থে বিএডিসি সীমিত ঝুঁকি নিতে পারে এবং এ বছর বিএডিসি ২০ কেজি বিআর-২৩ জাতের ব্রিডার বীজ সংগ্রহ করে ঐ জাতটিকেও বীজ উৎপাদন কর্মসূচীর অন্তর্ভুক্ত করার পক্ষে মতামত দেয়া হয়।

সিদ্ধান্ত ঃ

১। ১৯৯৭-৯৮ উৎপাদন মৌসুমে বিএডিসি খামারে ২৪.০ টন ভিত্তি (স্টেজ-১) ও ১৪৩ টন ভিত্তি (স্টেজ-২) এবং খামার ও কন্ট্রাক্ট গ্রোয়ার্সের মাধ্যমে ৭,৫০০ টন প্রত্যায়িত আমন বীজ উৎপাদন করবে (বিস্তারিত পরিশিষ্ট-'ক')।

২। বিভিন্ন প্রজণনকারী প্রতিষ্ঠান ১৯৯৭-৯৮ সালে ২০ কেজি বিআর-২৩ সহ মোট ৩০০ কেজি মৌল বীজ সরবরাহ করবে ও ১৯৯৭-৯৮ সালে সমপরিমাণ মৌলবীজ পরবর্তী বছরে সরবরাহের জন্য উৎপাদনের ব্যবস্থা নিবে (বিস্তারিত পরিশিষ্ট-"ক")।

৩। কৃষি বিশ্ববিদ্যালয় থেকে বাউ-২ মৌল বীজ সংগ্রহ করে বিএডিসি খামার বিভাগের মাধ্যমে ৫ টন প্রত্যায়িত বীজ উৎপাদনের ব্যবস্থা নিবে।

৪। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর চলতি সালে ধান গবেষণা প্রতিষ্ঠান হতে বিআর-২২ ও বিআর-২৩ জাতের বীজ সংগ্রহ করে "বীজ বিনিময় কর্মসূচী" এর অধীনে প্রদর্শনী স্থাপন জোরদার করবে।

সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার কাজ শেষ করেন।

স্বাক্ষরিত/- ২৭/৫/৯৭
সভাপতি
সীড প্রমোশন কমিটি
ও
অতিরিক্ত সচিব (উপকরণ)
কৃষি মন্ত্রণালয়।

<u>পরিশিষ্ট-"ক"</u>

ফসল ঃ আমন

| ক্রমিক নং | উৎপাদন লক্ষ্যমাত্রা – ৯৭-৯৮ (টন) | | | | ব্রিডার বীজের চাহিদা (কেজি) | | |
|---|---|---|---|---|---|---|---|
| | জাত | ভিত্তি | | প্রত্যায়িত | জাত | ১৯৯৭-৯৮ | ১৯৯৮-৯৯ |
| | | স্টেজ-১ | স্টেজ-২ | | | | |
| ১। | বিআর-১০ | ২.৪ | ৫.৬ | ১০০ | বিআর-১০ | ৩০ | ৩০ |
| ২। | বিআর-১১ | ৪.০ | ৪৫.০ | ২,৭০০ | বিআর-১১ | ৫০ | ৫০ |
| ৩। | বিআর-২৩ | ১.৬ | - | - | বিআর-২৩ | ২০ | ২০ |
| ৪। | বিআর-২৫ | ১.৬ | ৫.৪ | ১০০ | বিআর-২৫ | ২০ | ২০ |
| ৫। | ব্রিধান-৩০ | ৪.০ | ২৫.০ | ২,৫০০ | ব্রিধন-৩০ | ৫০ | ৫০ |
| ৬। | ব্রিধান-৩১ | ২.৪ | ২৫.৬ | ১,০০০ | ব্রিধান-৩১ | ৩০ | ৩০ |
| ৭। | ব্রিধান-৩২ | ২.৪ | ২৫.৬ | ১,০০০ | ব্রিধান-৩২ | ৩০ | ৩০ |
| ৮। | নাইজারশাইল | ১.৬ | ৫.৪ | ৫০ | নাইজারশাইল | ২০ | ২০ |
| ৯। | বিনাশাইল | ১.৬ | ৫.৪ | ৪৫ | বিনাশাইল | ২০ | ২০ |
| ১০। | বাউ-২ | ২.৪ | - | ৩৫ | বাউ-২ | ৩০ | ৩০ |
| | মোট ঃ | ২৪.০ | ১৪৩.০ | ৭,৫০০ | | ৩০০ | ৩০০ |

স্বাক্ষরিত/- ২০/৫/৯৭
মোঃ মোস্তফা হুসেন
ব্যবস্থাপক (প্রোগ্রাম)
বিএডিসি, ঢাকা।

পরিশিষ্ট-"খ"

মহা-ব্যবস্থাপক (বীজ), বিএডিসি, ঢাকা-এর স্মারক নং-১মব্য(বীজ)৯৫-৯৬/৮২(১০) তারিখ ১৪-৫-৯৭ ইং অনুযায়ী আহ্বায়িত সীড প্রমেশন কমিটির ২০-৫-১৯৯৭ ইং তারিখের ৫ম সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ

(স্বাক্ষরের ক্রমানুসারে)

| ক্রমিক নং | নাম | পদবী ও সংস্থা |
|---|---|---|
| ১। | জনাব হামিজ উদ্দিন আহমেদ | পরিচালক (গবেষণা), বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর |
| ২। | জনাব মনির উদ্দিন খান | মুখ্য বীজ প্রত্যয়ন অফিসার, বীজ প্রত্যয়ন এজেন্সি |
| ৩। | ডঃ এ, বি, এম, আব্দুল্লাহ | পরিচালক (কৃষি), বিজেআরআই |
| ৪। | জনাব মোঃ মোস্তফা হুসেন | ব্যবস্থাপক (প্রোগ্রাম), বিএডিসি |
| ৫। | জনাব জি, এম, মঈনুদ্দীন | মহা-ব্যবস্থাপক (বীজ), বিএডিসি |
| ৬। | জনাব মোঃ নুরুল ইসলাম | প্রধান বীজ তত্ত্ববিদ, বীজ উইং, কৃষি মন্ত্রণালয় |
| ৭। | জনাব মোঃ খায়রুল বাশার | প্রধান, জিআরএস বিভাগ, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট |
| ৮। | জনাব মোঃ ইদরিস | প্রধান তথ্য অফিসার, কৃষি তথ্য সার্ভিস |
| ৯। | জনাব মোহাম্মদ আবু ইছা | উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর |
| ১০। | জনাব মোঃ হুমায়ুন কবির | সহকারী বীজ তত্ত্ববিদ, কৃষি মন্ত্রণালয় |
| ১১। | জনাব আ,কা,মু, গিয়াস উদ্দিন মিল্কী | মহা-পরিচালক, বীজ উইং, কৃষি মন্ত্রণালয় |